

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৫৮) জান্নাতে পুরুষদের জন্য হুর থাকার কথা বলা হয়েছে। প্রশ্ন হলো মহিলাদের জন্য কী আছে?

উত্তর: জান্নাতীদের নি'আমত বর্ণনা করতে গিয়ে আল্লাহ বলেন,

﴿ وَلَكُم ا فِيهَا مَا تَشااتَهِي أَنفُسُكُم ا وَلَكُم ا فِيهَا مَا تَدَّعُونَ ﴾ [فصلت: ٣١]

"সেখানে তোমাদের জন্য আছে যা তোমাদের মন চায় এবং সেখানে তোমাদের জন্য আছে, যা তোমরা দাবী কর।" [সূরা ফুসসিলাত, আয়াত: ৩১]

আল্লাহ আরো বলেন,

﴿ وَفِيهَا مَا تَشْاتَهِيهِ ٱلااً نَفُسُ وَتَلَدُّ ٱلااً عائِنُ الاالَّاعالَيْنُ وَأَنتُما فِيهَا خُلِدُونَ ﴾ [الزخرف: ٧١]

"এবং তথায় রয়েছে মন যা চায় এবং নয়ন যাতে তৃপ্ত হয়। তোমরা সেখানে চিরকাল থাকবে।" [সূরা আয-যুখরুফ, আয়াত: ৭১]

ইহা জানা কথা যে, মন যা চায়, তার মধ্যে সর্বোত্তম হলো বিবাহ করার মনোবাসনা। তা জান্নাতীদের জন্য অর্জিত হবে। চাই পুরুষ হোক কিংবা মহিলা হোক। মহিলাকে আল্লাহ তা'আলা জান্নাতে তাঁকে তাঁর দুনিয়ার স্বামীর সাথে বিবাহ দিয়ে দিবেন। যেমন, আল্লাহ তা'আলা বলেন,

"হে আমাদের রব! আর তাদেরকে প্রবেশ করাও চিরকাল বসবাসের জান্নাতে, যার ওয়াদা আপনি তাদেরকে দিয়েছেন এবং তাদের বাপ-দাদা, পতি-পত্নী ও সন্তানদের মধ্যে যারা সৎকর্ম করে তাদেরকে। নিশ্চয় আপনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।" [সূরা গাফির, আয়াত: ৮] আর দুনিয়াতে যদি অবিবাহিত থাকে তাহলে জান্নাতে তার নয় জুড়ানো কোনো পুরুষের সাথে বিবাহের ব্যবস্থা করবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=590

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন